# ২০২০
# বাংলা
## (প্রোগ্রাম)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)
## দ্বিতীয় সেমেস্টার
## কোর্স কোড : BNGP/CC-T-2
## (বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) গদ্যের বিকাশ থেকে সাময়িকপত্র ও ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) রামরাম বসু রচিত প্রথম বাংলা হরফে মুদ্রিত গদ্যগ্রন্থটির নাম কী? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে রচিত হয়েছিল?

খ) 'সংবাদ প্রভাকর' পত্রিকাটির প্রথম সম্পাদকের নাম ও প্রকাশ সালটি উল্লেখ করো।

গ) রামমোহন রায় রচিত একটি অনুবাদকমূলক এবং একটি মৌলিক গ্রন্থের নাম লেখো।

ঘ) কোন্‌টি কার রচনা উল্লেখ করো — 'বত্রিশ সিংহাসন', 'কালান্তর', 'ইছামতী', 'শাস্তি'।

ঙ) বিদ্যাসাগর রচিত দু'টি মৌলিক গ্রন্থের নাম লেখো।

(পরের পাতায়)

চ) কারক কাকে বলে? এটি কত প্রকার ও কী কী?

ছ) মাইকেল মধুসূদন দত্তের প্রথম কাব্যগ্রন্থ কোন্‌টি? এটি কোন্ ছন্দে রচিত?

জ) শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ উল্লেখ করো।

ঝ) জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থটির নাম কী? তাঁর মৃত্যুর পরে প্রকাশিত একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

ঞ) বঙালী উপভাষার দু'টি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

ট) কোন্ নাটকটি কার রচনা? — 'সীতার বনবাস' 'পদ্মাবতী' 'বিসর্জন' 'মেবারপতন'।

ঠ) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রতিষ্ঠাতা কে? পত্রিকাটি পরবর্তীতে কী নামে পুনরায় প্রকাশিত হয়েছিল?

ড) মধ্য বাংলা ভাষাকে কয়টি পর্বে ভাগ করা যায়? যে-কোনো একটি পর্বের দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

ঢ) বাংলা সাহিত্যে ত্রয়ী বন্দ্যোপাধ্যায় নামে কারা পরিচিত? তাঁদের একটি করে উপন্যাসের নাম উল্লেখ করো।

ণ) উদাহরণসহ 'স্বরভক্তি'র পরিচয় দাও।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

ক) বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের বিভিন্ন কাব্যের পরিচয় দিয়ে তাঁর কাব্য বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো।

খ) উদাহরণসহ সাধু ও চলিত ভাষার পার্থক্য নিরূপণ করো।

গ) সংক্ষিপ্ত পরিচয় দাও (যে-কোনো **দুটি**):

অ) বাংলা ব্যাকরণে'পুরুষ' (আ) সবুজপত্র (ই) 'পথের পাঁচালী' (ঈ) বীরাঙ্গনা

ঘ) ঔপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো।

ঙ) সাম্প্রতিক বাংলা ভাষার বাক্যগঠনগত বৈশিষ্ট্য বুঝিয়ে দাও।

চ) বাংলা গদ্য সাহিত্যের বিকাশে গদ্যশিল্পী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'বাংলা ছোটগল্পের প্রথম সার্থক রূপকার রবীন্দ্রনাথ' — এই মন্তব্যের আলোকে বাংলা ছোটগল্পে রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো।

খ) 'শব্দভাণ্ডার' কথাটির অর্থ কী? বাংলা 'শব্দভাণ্ডার' সম্পর্কে আলোচনা করো।

গ) দীনবন্ধু মিত্রের নাট্য প্রতিভার স্বরূপ নির্দেশ করে বাংলা নাট্য সাহিত্যের ইতিহাসে তাঁর গুরুত্ব বুঝিয়ে দাও।

ঘ) বিষয়ভিত্তিক সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো **দুটি**) :

অ) মীর মোশারফ হোসেন

আ) উপন্যাসিক বঙ্কিমচন্দ্র

ই) নাট্যকার মন্মথ রায়

ঈ) সবুজপত্র

---

Pass
CC-2
17/12/20

# D.N COLLEGE
## Internal Examination
## 2020
## 2nd Semester
## Sub – Bengali General
## Paper – CC -2
Full Marks - 15

**১) যে - কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১০ X ১ = ১০

ক) “ভোরের পাখি” কে, কাকে বলেছেন ? তাঁর কাব্য - কবিতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) শব্দভাণ্ডার সম্পর্কে যা জান রেখাচিত্রের সাহায্যে আলোচনা কর।

**২) যে - কোন দু'টি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) বঙ্কিমচন্দ্র প্রথম কোন্ ভাষায় কোন্ উপন্যাস রচনা করেন ? বাংলায় লেখা তাঁর প্রথম উপন্যাসের নাম কি ?

খ) বচন কয় প্রকার ও কি কি ?

গ) মধুসূদন দত্তের সর্বশ্রেষ্ঠ কাব্য কোনটি ? এর প্রকাশ সাল লেখ।

**৩) যে - কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক. গিরিশচন্দ্র ঘোষ কোন ধরনের নাটকের জন্য বিখ্যাত ?

খ. রবীন্দ্রনাথের অপ্রকাশিত উপন্যাসের নাম কি ?

-----------

# ২০২০
# বাংলা
## (অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH/AECC-T-1

[এ্যাবিলিটি এনহ্যান্সমেন্ট কম্পালসরি কোর্স (এইসিসি)]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) "তাহার ইতিহাস ইংরাজ-সন্তানের নিকট অতিশয় কৌতুকজনক।"
— 'তাহার ইতিহাস'টি কী?

খ) প্রতিবেদন রচনার উদ্দেশ্য কী?

গ) "এটাই সব দেশের রীতি। এটাই স্বাভাবিক ও সহজ।"
— কোন্ রীতির কথা বলা হয়েছে?

ঘ) 'খোকাবাবুর প্রত্যাবর্তন' গল্পে ক'টি পরিচ্ছেদ আছে? এই গল্পের অন্যতম চরিত্র রাইচরণের বাড়ি কোন্ জেলায়?

[পরের পাতায়]

ঙ) রংলাল টাকাকড়ি সংগ্রহ করে যে গ্রামের গোরু-মহিষের বাজারে যাওয়ার সঙ্কল্প করেছিল সেই গ্রামের নাম কী?

চ) "ওরে উথলি উঠেছে বারি"
— কোন্ কবিতার অংশ? 'বারি' শব্দের অর্থ লেখো।

ছ) "বাঁধন পরেই বাঁধন-ভয়কে করব মোরা জয় ..."
— উদ্ধৃতিটিতে কবি কী বলতে চেয়েছেন?

জ) "মুহূর্তে রাইচরণের শরীরের রক্ত হিম হইয়া গেল।"
— রক্ত হিম হয়ে যাওয়ার কারণ কী?

২। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) যে-কোনো **একটি** বিষয়ে প্রতিবেদন রচনা করো :

অ) জনজীবনে করোনা ভাইরাসের প্রভাব।

আ) মোবাইল গেম— শৈশব ধ্বংসকারী ভয়ংকর দানব।

ই) বই পড়ার অভ্যাস আসলে একপ্রকার 'থেরাপি' — 'রিডিং থেরাপি'।

খ) "সরস্বতীর সাম্রাজ্যে কেবলমাত্র মজুরি করিয়া মরি ..."
— সংক্ষেপে উদ্ধৃতিটির ব্যাখ্যা লেখো।

গ) যে-কোনো **পাঁচটি** শব্দের পরিভাষা লেখো : ১×৫

Draft, Bail, Hand Bill, Ownership, Inflation, Mutation, Receipt, Wages, Sculpture, Reputation.

ঘ) 'শিকল পরার গান' রূপকধর্মী কবিতা হিসাবে কতটা সার্থক?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'কালাপাহাড়' গল্পে কুম্ভকর্ণ ও কালাপাহাড়ের মধ্যে যে বন্ধুত্ব ছিল তা সংক্ষেপে আলোচনা করো।

খ) "বাহিরিতে চায় দেখিতে না পায় কোথায় কারার দ্বার"

— কে বাহিরিতে চায়? কে কারার দ্বার দেখতে পায় না? 'কারার দ্বার' বলতে এখানে কী বোঝানো হয়েছে?

গ) "কিন্তু প্রতিদিন দেখতে পাচ্ছি ইংরাজী মাধ্যমে বিদ্যালয়ের সংখ্যা বেড়ে চলেছে।"

— ইংরাজি মাধ্যম বিদ্যালয় বেড়ে যাওয়ার কী কী কারণ প্রাবন্ধিক দেখিয়েছেন?

ঘ) ফেলনার সঙ্গে রাইচরণের সম্পর্ক বিবৃত করো।

website
15/12/20

# D.N COLLEGE

**Internal Examination**

**2020**

$2^{nd}$ Semester

**Sub – Bengali Hons (MIL)**

**Paper - AECC-1**

Full Marks -10

১) যে - কোন একটি প্রশ্নের উত্তর দাও : - ১০

ক) করোনা পরিস্থিতিতে তোমার এলাকার মানুষের মাস্ক পরার *অনীহা বিষয়ে* সংবাদপত্রে একটি প্রতিবেদন রচনা কর ।

খ) "নির্ঝরের স্বপ্নভঙ্গ" - কবিতার নামকরণের সার্থকতা বিচার কর ।

গ) "খোকাবাবুর প্রত্যাবর্তন" গল্পের রাইচরণ চরিত্রটি সর্ম্পকে আলোচনা কর ।

-----------------

# ২০২০
# বাংলা
## (জেনেরিক ইলেকটিভ)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## দ্বিতীয় সেমেস্টার
## কোর্স কোড : BNGH/GE-T-2
## (বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) : গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৬০ সময় : ২ $\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ফোর্ট উইলিয়াম কলেজের লেখকদের মধ্য থেকে দুজন লেখকের নাম লেখো।

খ) রামমোহনকে 'ভারত পথিক' কে বলেছিলেন? কেন বলেছিলেন?

গ) 'চতুর্দশপদী কবিতাবলী' — কার লেখা? প্রকাশকাল লেখো।

ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা বিখ্যাত উপন্যাস কোন্‌টি? ওই উপন্যাসের একটি গুরুত্বপূর্ণ চরিত্রের নাম লেখো।

ঙ) দীনবন্ধু মিত্রের লেখা দুটি প্রহসনের প্রকাশকালসহ নাম লেখো।

*(পরের পাতায়)*

চ) 'সংবাদ প্রভাকর' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন? প্রকাশকাল উল্লেখ করো।

ছ) প্রাচীন বাংলা ভাষার সময়কাল হিসাবে কোন্ সময়কে গণ্য করা হয়? এই পর্বের একটি লেখ্য নিদর্শনের নাম লেখো।

জ) ঝাড়খণ্ডী উপভাষা প্রধানত কোন্ অঞ্চলে প্রচলিত? এই উপভাষার একটি বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ উল্লেখ করো।

ঝ) কোন্‌টি কোন্ ধরনের ধ্বনি পরিবর্তন তা নির্দেশ করো :
বাসাতা, চাঁদ, আস্পর্ধা, রতন

ঞ) বাংলা ভাষায় প্রচলিত দুটি পর্তুগিজ শব্দ ও দুটি ফরাসি শব্দের দৃষ্টান্ত দাও।

ট) অপিনিহিতি কাকে বলে? দৃষ্টান্ত দাও।

ঠ) বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর লেখা দুটি গ্রন্থের নাম লেখো।

ড) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি স্বদেশচেতনামূলক উপন্যাসের নাম প্রকাশকালসহ লেখো।

ঢ) বচন কাকে বলে? বাংলা ভাষায় বচন কত প্রকার ও কী কী?

ণ) দ্বিজেন্দ্রলাল রায় কোন্ ধরনের নাটক রচনায় প্রসিদ্ধ ছিলেন? তাঁর ওই শ্রেণীর একটি নাটকের নাম উল্লেখ করো।

২। ক-বিভাগ থেকে যে-কোনো **তিনটি** এবং খ-বিভাগ থেকে যে-কোনো **একটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

### বিভাগ - ক

ক) কাজী নজরুল ইসলামের কবিতায় সাম্প্রদায়িকতা ও সামাজিক অনাচারের বিরুদ্ধে যে প্রতিবাদ ধ্বনিত হয়েছে সে সম্পর্কে তোমার অভিমত বুঝিয়ে দাও।

খ) 'বঙ্গদর্শন' — পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন? বাংলা সাহিত্যের প্রসারে এই পত্রিকার গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

গ) টীকা লেখ ( যে-কোনো **দুটি**) :

গল্পগুচ্ছ, বনলতা সেন, সীতার বনবাস, নীলদর্পণ

ঘ) বাংলা নাটকে গিরিশচন্দ্র ঘোষের অবদান বুঝিয়ে দাও।

**বিভাগ - খ**

ঙ) সাধুভাষা ও চলিত ভাষা বলতে তুমি কী বোঝ? এই দুই ভাষার মধ্যে যে পার্থক্য রয়েছে সে বিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো।

চ) টীকা লেখো (যে-কোনো **দু'টি**) :

অভিশ্রুতি, স্বরভক্তি, দেশী শব্দ, স্বরাগম

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা সাহিত্যে মধুসূদন দত্তের নানাবিধ ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

খ) বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি সম্পর্কে দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও।

গ) 'বীরবল' ছদ্মনামে কে পরিচিত? বাংলা গদ্যরীতিতে তাঁর অবদান সম্পর্কে লেখো।

ঘ) শরৎচন্দ্রের উপন্যাসে বাংলার যে সমাজচিত্র ফুটে উঠেছে সে সম্পর্কে তোমার অভিমত বুঝিয়ে দাও।

---

website
15/12/20

# D.N COLLEGE
## Internal Examination
## 2020
## 2nd Semester
## Sub – Bengali Generic
## Paper – CC - 2
Full Marks - 15

**১) যে - কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১0 X ১ = ১0

ক) বাংলা গদ্য সাহিত্যের যথার্থ জনক কাকে কেন বলা হয় ? তাঁর গদ্য সাহিত্য সম্পর্কে আলোচনা করো।

খ) বাংলা শব্দার্থ পরিবর্তনের কয়টি ধারা ও কি কি ? এই ধারা গুলোর পরিচয় দাও।

**২) যে - কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) বাংলা উপভাষার মধ্যে সবথেকে বড় গোষ্ঠী কোনটি ? এর বিভাগ গুলো লেখ।

খ) বিদ্যাসাগরের ছদ্মনাম কি ? এই ছদ্মনাম গুলোতে লেখা গ্রন্থ গুলোর নাম লেখ।

গ) নজরুল ইসলামের প্রথম কবিতার নাম কি ? তিনি কোন্ কবিতার জন্য কারাবাস বরণ করেন ?

**৩) যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) নব্যভারতীয় আর্যভাষা আনুমানিক কত বছর টিকে ছিল ?

খ) প্যারীচাঁদ মিত্রের নারীকল্যাণ বিষয়ক গ্রন্থের নাম কি ?

---------------

# ২০২০
# বাংলা
## (অনার্স)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

চতুর্থ পত্র

কোর্স কোড : BNGH/CC-T-4

(অলঙ্কার, শাক্ত পদাবলী, অন্নদামঙ্গল ও বাংলা প্রুফ সংশোধন)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) পাণ্ডুলিপি বলতে কী বোঝানো হয়?

খ) উদ্ধৃতিচিহ্ন নেই -, এটি বসাতে হবে সঠিকভাবে — সেক্ষেত্রে কোন্ সাংকেতিক চিহ্ন ব্যবহার করতে হবে তা উদাহরণসহ দেখাও।

গ) 'নাহি দেখি আয়তি কেবল আচাভুয়া।' — 'আচাভুয়া' শব্দের অর্থ কী? কার লেখা কোন্ রচনার অংশ?

ঘ) "পিতামহ দিলা মোরে অন্নপূর্ণা নাম।
অনেকের পতি তেঁই পতি মোর বাম।।" — কার উক্তি? 'পিতামহ' কে? 'বাম' বলতে কী বোঝানো হয়েছে?

[পরের পাতায়]

ঙ) 'ওরে বুড়া আঁটকুড়া নারদা অল্পেয়ে।
হেন বর কেমনে আনিলি চক্ষু খেয়ে।"
— 'আঁটকুড়া' ও 'অল্পেয়ে' — শব্দদুটির অর্থ লেখো। 'বর' এখানে কে?

চ) 'চৌত্রিশ অক্ষরে বর্শাইয়া কৈলা স্তব।'
— ব্যাখ্যা করো এটি কোন্ অংশের অন্তর্গত?

ছ) খেপার দশা ভাবতে গেলে আমাতে আর আমি নই'
— কার লেখা ? 'খেপা' কে?

জ) 'দশ দিক আঁধার ক'রে মাতিল দিক্-বসনা... '
— কার রচিত কোন্ শ্রেণীর কবিতা? 'দিক বসনা' বলতে কী বোঝানো হয়েছে?

ঝ) 'তরু মুঞ্জরে নয়, শুকায় শাখা, ছটা আগুন বিগুণ আছে।'
— কার লেখা কোন্ পর্যায়ের কবিতা? 'মুঞ্জরে', 'বিগুণ' অর্থ বলো।

ঞ) "বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনব না।"
— কার জবানীতে একথা বলা হয়েছে? পদকর্তা কে? এটি কোন্ পর্যায়ের কবিতা?

ট) 'যাবনী মিশল' ভাষা বলতে কী বোঝানো হয়? কার লেখা কোন্ রচনায় এই ভাষার প্রসঙ্গ রয়েছে?

ঠ) 'দড়িটা পড়ে আছে পথের মাঝখানে —
যেন একজটা ডাকিনীর জটা।'
— উপমেয় কী? এটি কোন্ অলংকার?

ঙ) 'ছোটো কালের পিরিত রে ভাই —
মিঠা যেমন পানি।'
— উপমান কী? এখানে কোন্ অলংকার আছে?

ঢ) "বন থেকে এলো এক টিয়ে মনোহর।
সোনার টোপর শোভে মাথার উপর ।।"
— উপমান কী? এটি কোন্ অলংকার ?

ণ) 'তোমায় বাঁধে এমন বিদ্যে কেউ শেখেনি
যত বিশাল পাত্রে রাখি, উপচে পড়ো।'
— এটি কী ধরণের অলংকার?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'হরিহোড় 'পালা'-য় সামাজিক বহুত্ববাদের যে পরিচয় ধরা পড়েছে তা আলোচনা করো।

খ) 'অন্নদামঙ্গল' কাব্যে হাস্যরসের পরিচয় দাও।

গ) 'আগমনী বিজয়া' পর্যায়ে প্রতিফলিত সমাজচিত্রের পরিচয় দাও।

ঘ) শাক্ত পদাবলী ও বৈষ্ণব পদাবলীর বাৎসল্যরসের উপস্থাপনার একটি তুলনামূলক আলোচনা করো।

ঙ) উপমা ও উৎপেক্ষা অলংকারের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।

চ) প্রুফ সংশোধনে সাংকেতিক চিহ্নগুলি কীভাবে দেওয়া দরকার তা বুঝিয়ে দাও।



৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে... '
— ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্যকে 'নূতনমঙ্গল' কাব্য আদৌ বলা যায় কিনা বিশ্লেষণ করো।

খ) শাক্ত পদ রচনায় কমলাকান্ত ভট্টাচার্যের বিশিষ্টতার ক্ষেত্রগুলি চিহ্নিত করো।

গ) উপমা অলংকারের বিভিন্ন অঙ্গগুলির পরিচয় দাও। প্রসঙ্গত, তোমার পাঠ্য বিরোধমূলক অলংকার বিষয়ে বিশদে আলোচনা করো।

ঘ) প্রুফ সংশোধন করো :
অমি অন্তঃ পুরের মেয়ে,
চিনবেন ণ আমাকে
তোমার শেষ গ ল্পের বইটি পরেছি শরতবাবু,
'বাসি ফুলের মালা'।
তোমার নায়ীকা এলো কেশির মরণদশা ধরেছিল,
পঁয়ত্রিশ বছর বয়সে।
পঁ চিশ বছর বয়েসের সঙ্গ তার রেশারেষি;
দেখলাম তুমি মহাদশয় বটে,
জিতিএ দিলেমতাকে ।
(- "সাধারণ মেয়ে" )

Group ?
14/12/20

# D.N COLLEGE

**Internal Examination**

**2020**

2nd Semester

**Sub – Bengali Hons**

**Paper – CC - 4**

Full Marks - 15

১) যে - কোন একটি প্রশ্নের উত্তর দাও : - ১০ X ১ = ১০

ক) "ভারত ভারতখ্যাত আপনার গুণে।" - এখানে যে কবির কথা বলা হয়েছে তাঁকে যুগসন্ধির কবি বলার যৌক্তিকতা বিচার করো ।

খ) "ধর্মীয় আবেদন থাকলেও শাক্ত পদাবলীর কাব্যমূল্য অপরিসীম।" - আলোচনা করো ।

**২) অলংকার নির্ণয় করো : -** ২

অপেক্ষার অবসানে এলো গোধূলি ।

**অথবা**

সুধা হতে সুধাময় দুগ্ধ তার ।

**৩) উদাহরণ সহ সংজ্ঞা দাও : -** ২

পূর্ণোপমা।

**অথবা**

নিরর্থক যমক ।

৪) 'জননী'-শব্দটি ভুল করে ছাপা হয়েছে -'জজননী' প্রুফ সংশোধন করে দেখাও। ১

অথবা

'#' ---এই চিহ্নটি প্রুফ সংশোধন করার ক্ষেত্রে কিজন্যন্ব্যবহৃত ? ১

-----------

# ২০২০
# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

তৃতীয় পত্র

কোর্স কোড : BNGH/CC-T-3

(ছন্দ, কৃত্তিবাসী রামায়ণ ও বৈষ্ণব পদাবলী)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) ছেদ ও যতি কী?

খ) পংক্তি কী?

গ) পূর্বরাগের লক্ষণগুলি তোমাদের পঠিত পদের অবলম্বনে লেখো।

ঘ) 'প্রার্থনা' বিষয়ক পদের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যরচনার সময়কাল লেখো।

ঙ) নিজের জন্ম দিন কবি কৃত্তিবাস কীভাবে উল্লেখ করেছিলেন?

চ) "এসব গাহিল গীত জৈমিনি ভারতে" — এই বলে কবি কৃত্তিবাস কোন্ কোন্ ঘটনার সংযোজন করেছিলেন?

*[পরের পাতায়]*

ছ) বাংলা ছন্দে অক্ষর বা দলের গুরুত্ব কতখানি?

জ) রবীন্দ্রনাথ কীভাবে 'অমিত্রাক্ষর ছন্দ' থেকে 'মুক্তক ছন্দে' কবিতাকে এগিয়ে নিয়ে গেলেন?

ঝ) মাণ্ডবী কে?

ঞ) 'আজু হাম কি পেখলুঁ নবদ্বীপ চন্দ' — পদকার কে? পদটির সঙ্গে কোন্ পর্যায়ের পদের সাযুজ্য রয়েছে?

ট) লবকুশের হাতে তার পরিবারের কে কে পরাজিত হয়েছিলেন?

ঠ) পর্ব কাকে বলে?

ড) কুলিশ পাতন শবদ ঝন ঝন
পবন খরতর বলগই।।"
— পঙ্‌ক্তিগুলির অর্থ লেখো।

ঢ) কৃত্তিবাস কীভাবে বা কিসের মাধ্যমে বাংলাদেশের নিসর্গ পরিবেশ তুলে ধরেছিলেন এবং কী বর্ণনার মাধ্যমে বাংলার তীর্থস্থান সহ জনপদের বর্ণনা করেছিলেন?

ণ) মাত্রা চিহ্ন বসাও (মাত্রাবৃত্ত রীতি অনুযায়ী):
রাঢ় দীপের আলোক লাগিল ক্ষমাসুন্দর চক্ষে।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) নিচের যে-কোনো **একটি** কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো:

অ) 'গলির মোড়ে বেলা যে পড়ে এলো
পুরোনো সুর ফেরিওলার ডাকে,
দূরে বেতার বিছায় কোন্ মায়া,
গ্যাসের আলো জ্বলা এদিন শেষে।'

আ) 'চিত্ত যেথা ভয়শূন্য উচ্চ যেথা শির,

জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর

আপন প্রাঙ্গন তলে দিবস শর্বরী

বসুধাকে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি'

খ) রূপের পাথারে আঁখি ডুবি সে রহিল।

যৌবনের বনে মন হারাইয়া গেল।।

ঘরে যাইতে পথ মোর হৈল অফুরান।

অন্তরে বিদরে হিয়া কি জানি করে প্রাণ।।

— ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

গ) 'মাথুর' শব্দটির অর্থ কী? 'পিয়া বিনে পাঁজর ঝাঁজর ভেলা' — এই চরণের মর্মকথাটি বুঝিয়ে দাও।

ঘ) কৃত্তিবাসের রামায়ণের উত্তরাকাণ্ডে যে নির্মল হাস্যরস উপস্থিত তা 'উদ্ধৃতিসহ আলোচনা করো।

ঙ) 'কৃত্তিবাস তাঁর রামায়ণে লক্ষণ চরিত্রটিতে 'বাঙালি দেবর'কে এঁকেছেন — আলোচনা করো।

চ) স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) গদ্য ছন্দ বলতে কী বোঝো? এই ছন্দের বৈশিষ্ট্যাবলী যথোপযুক্ত উদাহরণসহ ব্যাখ্যা করো।



খ) "বলরাম দাসে কয় এই কর্ম ভাল নয়

ধাইয়া গোপাল কর কোড়ে।"

— কবি এই কথা কেন বলেছেন এবং কার উদ্দেশ্যেই বা বলেছেন? সমগ্র পদটিতে কবির বক্তব্যটি বিশ্লেষণ করে বৈষ্ণবতত্ত্বের পঞ্চরসের কোন্ রসটি পরিবেশিত হয়েছে তা ব্যাখ্যা করো।

গ) কৃত্তিবাস বিরচিত রামায়ণ কেন এত জনপ্রিয়তা অর্জন করেছিল? বিশদে বুঝিয়ে দাও।

ঘ) 'মাধব কি কহব দৈব বিপাক' এবং 'গগনে অবঘন মেহ দারুণ' দুটিই শ্রীরাধার অভিসার বিষয়ক পদ। উভয়পদের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।

Group 7
14th December'20

# D.N COLLEGE

**Internal Examination**

**2020**

2nd Semester

**Sub – Bengali Hons**

**Paper – CC - 3**

Full Marks - 15

**১) যে - কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১০ X ১ = ১০

ক) অভিসার কাকে বলে ? অভিসারের আধ্যাত্মিক তাৎপর্য কী ? অভিসারের একটি পাঠ্য পদ বিশ্লেষণ কর।

খ) কৃত্তিবাসী রামায়ণের উত্তরাকাণ্ড অবলম্বনে যমলোকের পরিচয় দাও ।

গ) রাক্ষসদের জন্মবৃত্তান্ত আলোচনা কর।

**২) যে - কোন ~~একটি~~ দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) তোমার পছন্দের একটি শব্দে মাত্রা বসিয়ে মাত্রাবৃত্ত ছন্দের মাত্রাগণনা রীতি উল্লেখ কর।

খ) "আলো মুঞি জান না" - পঙক্তিটির অর্থ কী ? পদকর্তা কে ?

গ) বৈষ্ণবীয় পঞ্চরস কী কী ?

ঘ) রাবণকে অভিশাপ দিয়েছিল, এমন তিনজনের নাম লেখ।

**৩) যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) "ছান্দসিক" - অক্ষরবৃত্ত রীতিতে মাত্রা বসাও।

খ) চৈতন্যপূর্ব যুগের একজন বৈষ্ণব পদকর্তার নাম লেখ।

--------------

# ২০২০
# বাংলা
(প্রোগ্রাম)

[ল্যাঙ্গুয়েজ কোর কোর্স]

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGP/LCC-T-1

(শাক্ত পদাবলী, কাব্য ও উপন্যাস)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'শুকনো তরু মুঞ্জরে না' — 'মুঞ্জরে' বলতে এখানে কী বোঝানো হয়েছে?

খ) 'মা আমায় ঘুরাবি কত' — এটি কোন্ পর্যায়ের পদ, রচয়িতার নাম লেখো।

গ) 'গিরি এবার আমার উমা এলে' — গিরি বলতে এখানে কার কথা বলা হয়েছে?

ঘ) 'সম্মুখ সমরে পড়ি, বীর চূড়ামণি' — 'বীর চূড়ামণি' কে? উদ্ধৃতাংশটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

(পরের পাতায়)

ঙ) 'তুমিও আইস দেবি, তুমি মধুকরী কল্পনা।' — এখানে কে, কোন্ দেবীকে আহ্বান করেছেন?

চ) 'এ বিলাপ কভু, দেবি সাজে কি তোমারে'? — কে, কাকে এই উক্তি করেছেন?

ছ) 'সৌমিত্রি' কার নাম? তাঁর এরূপ নামকরণের কারণ কি?

জ) কুশাসনে ইন্দ্রজিত পূজে ইষ্টদেবে নিভৃতে', — ইন্দ্রজিতের ইষ্টদেবের নাম কী?

ঝ) 'পরদোষে কে চাহে মজিতে' — উক্তিটি কে কাকে করেছেন?

ঞ) 'অকস্মাৎ সতী মুছিলা সিন্দুরবিন্দু' — কে, কেন সিন্দুরবিন্দু মুছে ফেলেছিল?

ট) 'যেয়ো না রজনী' — কার লেখা, কোন্ পর্যায়ের পদ এটি?

ঠ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছিল? ঔপন্যাসিকের নাম লেখো।

ড) কে কুবের ও কপিলাকে ময়নাদ্বীপে নিয়ে যেতে চেয়েছিল?

ঢ) পেশাগত দিক থেকে কুবের কোন্ জীবিকায় যুক্ত ছিলেন?

ণ) মেঘনাদবধ কাব্যটি কয়টি সর্গে বিভক্ত?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ভক্তের আকুতি' পর্যায়ে শাক্তপদকর্তাদের আন্তরিক প্রার্থনা কীভাবে অসাধারণত্বে পৌঁছেছে, তোমার পঠিত পদ অবলম্বনে তা আলোচনা করো।

খ) নিকুম্ভিলা যজ্ঞাগারে লক্ষ্মণ কর্তৃক ইন্দ্রজিত নিধনের পর্বটি নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

গ) রাবণের রাজসভায় শোকাকুলা চিত্রাঙ্গদা চরিত্রটি কীভাবে বর্ণিত হয়েছে, তা আলোচনা করে বুঝিয়ে দাও।

ঘ) মাইকেল মধুসূদন দত্ত তাঁর কাব্যে বিভীষণকে কেন খলনায়করূপে উপস্থিত করেছেন? বিভীষণ চরিত্রটি বিশ্লেষণ করো।

ঙ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে কুবেরের জেলেজীবনের বর্ণনা দাও।

চ) হোসেন মিয়ার ময়নাদ্বীপ সম্পর্কে আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'দেবতারে প্রিয় করি, নিজেরে দেবতা' — রবীন্দ্রনাথের এই উক্তির আলোকে শাক্তপদাবলীতে আগমনী পর্যায়ে তোমার পাঠ্য পদগুলি বিশ্লেষণ করো।

খ) 'মেঘনাদবধ' কাব্যের প্রথম সর্গ অবলম্বনে পুত্রশোকসন্তপ্ত রাবণ চরিত্রটি বর্ণনা করো।

গ) আঞ্চলিক উপন্যাস কাকে বলে? 'পদ্মানদীর মাঝি'কে যথার্থ আঞ্চলিক উপন্যাস বলা যায় কিনা বুঝিয়ে দাও।

ঘ) উদাহরণসহ 'মেঘনাদবধ' কাব্যের অমিত্রাক্ষর ছন্দটি'র স্বরূপ বিশ্লেষণ করো।

LBC 22/12/12

D.N COLLEGE
Internal Examination
2020
$2^{nd}$ Semester
Sub – Bengali General
Paper – LCC -1
Full Marks - 15

**১) যে - কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) 'না রাখ সতের মান' – 'সতের মান' বলতে কি বোঝানো হয়েছে ?

খ) 'মেঘনাদবধ' কাব্যের কয়টি সর্গ আছে ? এই কাব্যের প্রথম সর্গের না কি ?

**২) যে - কোন দু'টি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) সিধু দাসের মেয়ের নাম কি ? তার প্রকৃতি কেমন ছিলো ?

খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি প্রথম কবে কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

গ) "বাক্যহীন পুত্র শোকে।" – কে বাক্যহীন ? কোন পুত্রশোকের কথা বলা হয়েছে ?

ঘ) "জন্ম-জরা মৃত্যুহারা তারা নামে ছেঁচলে বাঁচে।" – উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

**৩) যে - কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১০ X ১ = ১০

ক) 'মেঘনাদবধ কাব্যে'র প্রথম সর্গের নাকরণের সার্থকতা আলোচনা করো।

খ) "শাক্ত পদাবলীর আগমনী ও বিজয়ার শীর্ষক পদগুলিতে বাঙালি মায়ের বাৎসল্য চিত্রই প্রকাশিত হয়েছে।" – আলোচনা করে বুঝিয়ে দাও।

ঘ) আঞ্চলিক উপন্যাসের স্বরূপের পরিপ্রেক্ষিতে আলোচনা করে দেখাও 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি আঞ্চলিক উপন্যাস হিসাবে কতটুকু সার্থকতা লাভ করেছে।

-----------